প্রাপ্ত
(প্রফেসর মোঃ আব্দুল কাদের)
আইডি নং-০০০০৬৮
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৯০.১৪.০০১.২০১৫-২৯৬

তারিখ : ১৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

**বিষয়: বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার এর শিক্ষক/কর্মকর্তাদের বদলি/পদায়নের অনলাইনে আবেদন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত শিক্ষক/কর্মকর্তাদের বদলি/পদায়ন এর নিমিত্তে 'সরকারি কলেজের শিক্ষক বদলি/পদায়ন নীতিমালা-২০২০' সংশোধনপূর্বক 'সরকারি কলেজের শিক্ষক বদলি/পদায়ন নীতিমালা, ২০২৫" ৩০.০৬.২০২৫ খ্রি. তারিখ থেকে কার্যকর হয়েছে। সে লক্ষ্যে সরকারি কলেজের শিক্ষকদের বদলি/পদায়ন সহজতর করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাবলি জারি করা হলো:

১. বর্ণিত বদলি/পদায়ন নীতিমালা অনুযায়ী প্রভাষক থেকে অধ্যাপক এবং অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে বদলি/পদায়নের ক্ষেত্রে আবেদনকারী তার পিডিএস হালনাগাদপূর্বক অনলাইনে আবেদন করবেন। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে ১) www.shed.gov.bd; ২) www.dshe.gov.bd; এবং ৩. www.emis.gov.bd লিংকের নির্দিষ্ট ফর্মে আবেদন করতে হবে;

২. বদলি পদায়ন নীতিমালা অনুযায়ী সহযোগী অধ্যাপক/ অধ্যাপক/উপাধ্যক্ষ/ অধ্যক্ষ/ ঢাকা মহানগরসহ সকল বিভাগীয় শহর, গাজীপুর, নারায়নগঞ্জ, কুমিল্লা সিটি কর্পোরেশনভূক্ত সকল পদ এবং প্রাতিষ্ঠানিক পদের নিয়োগ ক্ষমতা মন্ত্রণালয়ে ন্যস্ত থাকবে এবং সারাদেশের অবশিষ্ট পদের (প্রভাষক ও সহকারী অধ্যাপক) বদলিভিত্তিক পদায়নের ক্ষমতা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে ন্যস্ত থাকবে;

৩. বদলিভিত্তিক পদায়নের আবেদনপত্র অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান অগ্রায়ণ করবেন এবং কোন আবেদন পেন্ডিং রাখা যাবে না;

৪. অনলাইন ব্যতীত অন্য কোন উপায়ে প্রেরিত বা উপস্থাপনকৃত আবেদন বিবেচনা করা হবে না;

৫. সংশ্লিষ্ট কর্মকর্তার দাখিলকৃত আবেদন অধ্যক্ষ কর্তৃক অগ্রায়ণের পর মন্ত্রণালয়/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃপক্ষ নির্ধারিত নিয়মে প্রতি ১৫(পনের) দিন অন্তর মূল্যায়ন করবেন এবং বিচেনার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ বরাবর পেশ করা হবে;

৬. কোন শিক্ষক/কর্মকর্তা একবার আবেদন করলে পরবর্তী ৩ মাসের মধ্যে আর আবেদনপত্র দাখিল করতে পারবেন না;

৭. একজন আবেদনকারী তার পছন্দের ক্রমানুসারে সর্বোচ্চ ০৫ (পাঁচ)টি প্রতিষ্ঠানে আবেদনের সুযোগ পাবেন। কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুরকৃত আবেদনসমূহের প্রেক্ষিতে দাপ্তরিক প্রক্রিয়া শেষে ওয়েবসাইটে যথাযথ কর্তৃপক্ষ বদলিভিত্তিক পদায়ন আদেশ জারী করবেন;

৮. নন-ক্যাডার কর্মকর্তা কোন ক্যাডার পদে বদলিভিত্তিক পদায়নের জন্য আবেদন করতে পারবেন না;

৯. বর্ণিত নীতিমালা বাস্তবায়নের নিমিত্তে জনস্বার্থে কর্তৃপক্ষ প্রশাসনিক আদেশে সারাদেশে কলেজসমূহ থেকে প্রয়োজনীয় পদ শূন্যকরণের ব্যবস্থা করবেন;

১০. বর্ণিত প্রক্রিয়ার বাহিরে কোন কর্মকর্তার বিভিন্ন মাধ্যমে রাজনৈতিক তদবির/ চাপ সৃষ্টি ও আধা-সরকারি পত্র (ডিও লেটার) উপস্থাপন অসদচারণ বলে গণ্য হবে;

১১. অসম্পূর্ণ এবং হালনাগাদ না করা পিডিএসসমূহ বিবেচনায় নেয়া হবে না;

১২. বদলি সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ বিজ্ঞপ্তি অবিলম্বে কার্যকর হবে।

(মো: মাহবুব আলম)
উপসচিব
ফোন: ০২৯৫৫১০০৭২৭

নং-৩৭.০০.০০০০.০৯০.১৪.০০১.২০১৫-২১৬ তারিখ : ১৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ৩০ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩. অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধান... (সকল সরকারি কলেজ ও ..........................................)
৪. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা;
৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানো পল্টন, ঢাকা;
৮. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা;
১০. জনাব.........................................................................................
১১. পিও টু অতিরিক্ত সচিব /যুগ্মসচিব(কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [অতিরিক্ত সচিব (কলেজ) মহোদয়ের সদয় অবগতির জন্য];
১২. অফিস কপি

অধ্যক্ষ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

# সরকারি কলেজের শিক্ষক বদলি/পদায়ন নীতিমালা, ২০২৫

১.০ সরকারি কলেজের শিক্ষক/কর্মকর্তাদের বদলি/পদায়নের পদ্ধতি যুগোপযোগী করার লক্ষ্যে এই নীতিমালা জারি করা হলো।

২.০ **নীতিমালার আওতা:**

২.১ বিভিন্ন সরকারি কলেজে কর্মরত শিক্ষক/কর্মকর্তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে ও প্রশাসনিক প্রয়োজনে বদলি/পদায়নের ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।

২.২ সরকার জনস্বার্থে যে কোন সময় যে কোন শিক্ষক/কর্মকর্তাকে যে কোন পদে/কর্মস্থলে বদলি/পদায়ন করতে পারবে।

## ক. সরকারি কলেজের প্রভাষক/সহকারী অধ্যাপক/সহযোগী অধ্যাপক/অধ্যাপক পদে বদলি/পদায়ন :

৩.০ **আবেদনের সময়সূচি:**
বিভিন্ন পর্যায়ের শিক্ষকবৃন্দ সারা বছর অনলাইনে বদলির আবেদন করতে পারবেন। তবে কর্তৃপক্ষ যে কোন সময় আবেদন দাখিলের জন্য সময়সীমা নির্ধারণ করতে পারবেন।

৪.০ **বদলী আবেদনের পদ্ধতি ও সাধারণ শর্তাবলি:**

৪.১ বদলির আবেদন অনলাইনে দাখিল করতে হবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট ও প্রয়োজনীয় কাগজ-পত্রাদি আপলোড করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন (www.shed.gov.bd অথবা www.dshe.gov.bd অথবা www.emis.gov.bd এর নির্ধারিত লিংক) ব্যতীত অন্য কোন উপায়ে প্রেরিত/পেশকৃত আবেদন বিবেচনা করা হবে না;

৪.২ আবেদনকারী অনলাইনে আবেদনপত্র দাখিলের পর ট্র্যাকিং নম্বর পাবেন।

৪.৩ ক) নবনিয়োগপ্রাপ্ত প্রভাষকগণ চাকরি দু'বছর পূর্ণ হওয়ার পূর্বে বদলির জন্য আবেদন করতে পারবেন না;
খ) অন্যান্য শিক্ষক/কর্মকর্তাগণ একই কর্মস্থলে ০২ (দুই) বছর পূর্ণ হওয়ার পূর্বে অন্যত্র বদলির জন্য আবেদন করতে পারবেন না;
গ) তবে কোন গুরুতর শারীরিক/মানসিক/পারিবারিক পরিস্থিতির কারণে ক্ষেত্র বিশেষে ০২ (দুই) বছর পূর্ণ হবার পূর্বেও আবেদন করা যাবে। যৌক্তিকতা সাপেক্ষে আবেদন বিবেচনার এখতিয়ার সরকারের থাকবে।

৪.৪ স্বামী-স্ত্রী উভয়ে চাকরিজীবী হলে স্বামী বা স্ত্রী'র কর্মস্থলে/নিকটতম শিক্ষা প্রতিষ্ঠানে বদলি/পদায়নের জন্য আবেদন করা যাবে। তবে সরকার শিক্ষা সেবা প্রদানের বিষয়টি অগ্রাধিকার বিবেচনায় নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবে;

৪.৫ অবসর প্রস্তুতিমূলক ছুটিতে যাওয়ার এক বছর পূর্বে কোন কর্মকর্তা/শিক্ষক তার সুবিধামত স্থানে বদলির জন্য আবেদন করলে পদ শূন্য থাকা সাপেক্ষে অগ্রাধিকার ভিত্তিতে উক্ত আবেদন বিবেচনা করা হবে;

৪.৬ অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন দাখিল করলে এবং পিডিএস হালনাগাদ না থাকলে বদলির আবেদন বিবেচনা করা হবে না;

৪.৭ বদলির আবেদন মূল্যায়ণে আবেদনকারীর ব্যক্তিগত ও পারিবারিক সমস্যা, পেশাগত সমস্যা, আবেদনকারী বা তার পরিবারের সদস্যদের দূরারোগ্য অসুস্থতা, নিজ জেলা হতে কর্মস্থলের দূরত্ব ইত্যাদি বিষয়সমূহ বিবেচনা করা হবে।

৫.০ **আবেদন নিষ্পত্তি:**

৫.১ বদলির জন্য প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই এবং সুপারিশ প্রণয়নের জন্য কমিটি থাকবে। এই কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক সঠিকভাবে পেশকৃত আবেদনসমূহ বিবেচনা করে বদলি/পদায়নের সুপারিশ প্রণয়ন করবে;

৫.২ কমিটির সুপারিশ/প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বদলি/পদায়নের আদেশ জারি করা হবে;

৫.৩ উপজেলা/প্রত্যন্ত অঞ্চলের কলেজসমূহের শূন্য পদে অগ্রাধিকার ভিত্তিতে পদায়ন করা হবে।

চলমান পাতা/-২

৫.৪ **বদলি সংক্রান্ত সুপারিশ প্রণয়ন কমিটি :**

অ) **দপ্তর ও সংস্থা প্রধান এবং কলেজের অধ্যক্ষ/ উপাধ্যক্ষ পদে বদলি/পদায়ন সংক্রান্ত কমিটি:**

| ক্রমিক | কমিটি'র সদস্য | কমিটি'র পদ |
|---|---|---|
| ১ | সিনিয়র সচিব/সচিব | সভাপতি |
| ২ | অতিরিক্ত সচিব (কলেজ) | সদস্য |
| ৩ | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৪ | যুগ্মসচিব (কলেজ-১ অধিশাখা) | সদস্য |
| ৫ | উপসচিব (কলেজ-২) | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি :**

i) দপ্তর ও সংস্থা প্রধান পদে বদলি/পদায়নের আবেদন যাচাই-বাছাই করে সুপারিশ প্রণয়নপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা;

ii) অধ্যক্ষ/ উপাধ্যক্ষ পদে বদলি/পদায়ন এর আবেদন যাচাই-বাছাই করে একটি প্যানেল তৈরি করে পদ শূন্য হওয়া সাপেক্ষে উক্ত প্যানেল থেকে অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে পদায়নের জন্য সুপারিশ প্রণয়নপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা;

আ) বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থা/প্রকল্প (প্রধান ব্যতীত অন্যান্য পদে), ঢাকা মহানগরসহ সকল বিভাগীয় শহর, গাজীপুর, নারায়নগঞ্জ, কুমিল্লা সিটি কর্পোরেশনভূক্ত এলাকার প্রভাষক থেকে অধ্যাপক পর্যায়ের এবং জেলা ও উপজেলা পর্যায়ের অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পর্যায়ের শিক্ষক বদলি/পদায়ন সংক্রান্ত কমিটি:

| ক্রমিক | কমিটি'র সদস্য | কমিটি'র পদ |
|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব (কলেজ) | সভাপতি |
| ২ | যুগ্মসচিব (কলেজ-১ অধিশাখা) | সদস্য |
| ৩ | পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪ | উপসচিব কলেজ-১/২ সদস্য | সদস্য |
| ৫ | উপসচিব কলেজ-১/২ | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি :**

i) বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থা/প্রকল্প (প্রধান ব্যতীত অন্যান্য পদে) বদলি/পদায়নের আবেদন যাচাই-বাছাই করে ' সুপারিশ প্রণয়নপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা;

ii) ঢাকা মহানগরসহ সকল বিভাগীয় শহর, গাজীপুর, নারায়নগঞ্জ, কুমিল্লা সিটি কর্পোরেশনভূক্ত এলাকার প্রভাষক থেকে অধ্যাপক পর্যায়ের শিক্ষক বদলি/পদায়নের আবেদন যাচাই-বাছাই করে সুপারিশ প্রণয়নপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা;

iii) ঢাকা মহানগরী ব্যতীত জেলা ও উপজেলা পর্যায়ের অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পর্যায়ের শিক্ষক/ কর্মকর্তাদের বদলি/পদায়নের আবেদন যাচাই-বাছাই করে সুপারিশ প্রণয়নপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা;

ই) ঢাকা মহানগরী ব্যতীত জেলা/উপজেলা পর্যায়ের প্রভাষক থেকে সহকারী অধ্যাপক পদে কর্মরত শিক্ষকদের বদলি/পদায়ন সংক্রান্ত কমিটি:

| ক্রমিক | কমিটি'র সদস্য | কমিটি'র পদ |
|---|---|---|
| ১ | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সভাপতি |
| ২ | উপসচিব (কলেজ-১/২) | সদস্য |
| ৩ | পরিচালক ( কলেজ ও প্রশাসন) | সদস্য |
| ৪ | উপপরিচালক ( কলেজ-১) | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি** : ঢাকা মহানগরী ব্যতীত জেলা ও উপজেলা পর্যায়ের প্রভাষক থেকে সহকারী অধ্যাপক পর্যায়ের শিক্ষক/ কর্মকর্তাদের বদলি/পদায়নের আবেদন যাচাই-বাছাই করে সুপারিশ প্রণয়নপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা;

চলমান পাতা/-৩

## খ. বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থা/প্রকল্পে পদায়ন

৬.০ পিডিএস হালনাগাদপূর্বক বদলির আবেদন অনলাইনে দাখিল করতে হবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট ও প্রয়োজনীয় কাগজ-পত্রাদি আপলোড করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন (www.shed.gov.bd অথবা www.dshe.gov.bd অথবা www.emis.gov.bd এর নির্ধারিত লিংক) ব্যতীত অন্য কোন উপায়ে প্রেরিত/পেশকৃত আবেদন বিবেচনা করা হবে না;

৭.০ আবেদনকারী অনলাইনে আবেদনপত্র দাখিলের পর ট্র্যাকিং নম্বর পাবেন।

৮.০ প্রকল্প পরিচালক/উপ প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগের নির্দেশনা অনুসরণ করা হবে।

৯.০ অফিস ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা, প্রকল্প ব্যবস্থাপনা ও সরকারি ক্রয় ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ থাকলে তাঁকে পদায়নে অগ্রাধিকার দেয়া হবে;

১০.০ ৫.৪ অনুচ্ছেদের (অ) ও (আ) উপানুচ্ছেদে বর্ণিত কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাই করে যোগ্য প্রার্থীদের পদায়নের জন্য সুপারিশ প্রণয়ন করবে;

১১.০ কোন কর্মকর্তা দপ্তর/অধিদপ্তর/সংস্থায় একাধিকক্রমে ০৩ (তিন) বছরের বেশী কর্মরত থাকতে পারবেন না। তবে প্রকল্পে নিয়োজিত কর্মকর্তার ক্ষেত্রে প্রকল্পের বাস্তবায়নকাল পর্যন্ত বিবেচ্য হবে;

১২.০ কোন কর্মকর্তাকে একটি দপ্তর/অধিদপ্তর/সংস্থা/প্রকল্প থেকে বদলি করে অন্য কোন দপ্তর/অধিদপ্তর/সংস্থা/প্রকল্পে সরাসরি বদলি করা যাবে না। মধ্যবর্তী সময়ে তাকে কোন কলেজে ন্যূনতম ০৩ (তিন) বছর শিক্ষকতা করতে হবে।

১৩.০ একজন কর্মকর্তা সমগ্র চাকরি জীবনে ০৫ (পাঁচ) বছরের বেশী দপ্তর/অধিদপ্তর/সংস্থা/প্রকল্পে কর্মরত থাকতে পারবেন না।

## গ. সরকারি কলেজে অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে বদলি/পদায়ন

১৪.০ আবেদনের সময়সূচি:

অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে পদায়ন/বদলী হতে আগ্রহী কর্মকর্তাগণ প্রতি বছর জুলাই ও ডিসেম্বর মাসে অনলাইনে আবেদন করতে পারবেন।

১৫.০ আবেদনের পদ্ধতি ও শর্তাবলি:

১৫.১ সিডিউল অনুযায়ী সংশ্লিষ্ট মাসের ১৫ তারিখের মধ্যে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। পিডিএস হালনাগাদপূর্বক বদলির আবেদন অনলাইনে দাখিল করতে হবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট ও প্রয়োজনীয় কাগজ-পত্রাদি আপলোড করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন (www.shed.gov.bd অথবা www.dshe.gov.bd অথবা www.emis.gov.bd এর নির্ধারিত লিংক) ব্যতীত অন্য কোন উপায়ে প্রেরিত/পেশকৃত আবেদন বিবেচনা করা হবে না। আবেদনকারী অনলাইনে আবেদনপত্র দাখিলের পর ট্র্যাকিং নম্বর পাবে।

১৫.২ আবেদনকারীর মেধা, জ্যেষ্ঠতা, শিক্ষাগত যোগ্যতা, দক্ষতা ও সততা বিবেচনায় নিয়ে ৫.৪ অনুচ্ছেদের (অ) অনুচ্ছেদে বর্ণিত কমিটি অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে পদায়নের নিমিত্তে যোগ্য শিক্ষকগণের একটি প্যানেল তৈরি করবে। পদ শূন্য হওয়া সাপেক্ষে উক্ত প্যানেল থেকে অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে পদায়ন করা হবে;

১৫.৩ প্রশাসনিক পদে দায়িত্ব পালনে শারীরিক ও মানসিকভাবে সক্ষম হতে হবে;

১৫.৪ অধ্যাপক পদ মর্যাদার অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে পদায়নের জন্য সরকারি চাকরিকাল ২০ (বিশ) বছর হতে হবে। তবে সহযোগী অধ্যাপক পদ মর্যাদার অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে পদায়নের জন্য সরকারি চাকরিকাল ১৫ (পনের) বছর হতে হবে ।

১৫.৫ অধ্যাপকদের ক্ষেত্রে SSCEM এবং সহযোগী অধ্যাপকদের ক্ষেত্রে ACEM প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে;

১৫.৬ অফিস ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা ও সরকারি ক্রয় ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ থাকলে তাঁকে পদায়নে অগ্রাধিকার দেয়া হবে;

১৫.৭ উপাধ্যক্ষ পদে সন্তোষজনকভাবে দায়িত্বপালন করেছেন এমন ও প্রশাসনিক কাজের দক্ষতা বিবেচনায় কর্মকর্তাদের অধ্যক্ষ পদে পদায়নের অগ্রাধিকার দেয়া হবে।

১৫.৮ বিভাগীয় মামলা চলমান বা অভিযোগ তদন্তাধীন থাকলে কোন আবেদনকারীর আবেদন বিবেচনাযোগ্য হবে না;

১৫.৯ বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক গোপনীয় অনুবেদন অনুযায়ী চাকুরিকাল সন্তোষজনক হতে হবে;

১৫.১০ অসম্পূর্ণ তথ্য সম্বলিত ও পিডিএস হালনাগাদ না থাকলে আবেদন বিবেচনাযোগ্য হবে না।

১৬.০ বিবিধ:

১৬.১ সংযুক্তি/ওএসডি করার ক্ষমতা মন্ত্রণালয় সংরক্ষণ করবে;

১৬.২ বদলির আবেদনের ক্ষেত্রে বর্ণিত প্রক্রিয়ার বাহিরে কোনো কর্মকর্তার বিভিন্ন মাধ্যমে রাজনৈতিক তদবির ও চাপ সৃষ্টি, আধা সরকারি পত্র (ডিও লেটার) উপস্থাপন অসদচারণ বলে গণ্য হবে।

চলমান পতা-/৪

১৬.৩ সরকারি কলেজের শিক্ষকগণের প্রেষণাদেশ মঞ্জুরীর ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেষণ সংক্রান্ত বিধিবিধান অনুসরণ করা হবে;

১৬.৪ কোন শিক্ষক/কর্মকর্তা একবার আবেদন করলে পরবর্তী ৩ মাসের মধ্যে আর আবেদনপত্র দাখিল করা যাবে না;

১৬.৫ একজন আবেদনকারী তার পছন্দের ক্রমানুসারে সর্বোচ্চ ০৫ (পাঁচ)টি প্রতিষ্ঠানে আবেদনের সুযোগ পাবেন। কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুরকৃত আবেদনসমূহের প্রেক্ষিতে দাপ্তরিক প্রক্রিয়া শেষে ওয়েবসাইটে যথাযথ কর্তৃপক্ষ বদলিভিত্তিক পদায়ন আদেশ জারী করবেন;

১৬.৬ নন-ক্যাডার কর্মকর্তা কোন ক্যাডার পদে বদলিভিত্তিক পদায়নের জন্য আবেদন করতে পারবেন না;

১৬.৭ এ নীতিমালা জারির তারিখ হতে ইতোপূর্বে জারিকৃত এ সংক্রান্ত নীতিমালা বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
(সিদ্দিক জোবায়ের)
সিনিয়র সচিব

নং-৩৭.০০.০০০০.০৯০.১৪.০০১.২০২৫.২১৭

তারিখ : ১৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ৩০ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
৫. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৭. অধ্যক্ষ, ............................................................(সকল);
৮. মাননীয় শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ);
১১. সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
১২. পিও টু অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সরকারি কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩. অফিস কপি।

30.06.25

(মোঃ মাহবুব আলম)
উপসচিব